

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
১৪৫, মনিপুরী পাড়া, তেজগাঁও, ঢাকা
www.jdpc.gov.bd

সূত্র: ২৪.০৯.০০০০.০০০.০২.৪৪৩.২০২০.৪৫৪

তারিখ: ১৯-১০-২০২২ইং

বিজ্ঞপ্তি/নোটিশ

জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি'র) তালিকাভুক্ত সম্মানিত উদ্যোক্তাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৬ ডিসেম্বর ২০২২ হতে ০২ জানুয়ারী ২০২৩ তারিখ India International Mega Trade Fair 2022-2023 কলকাতা সাইন্সসিটিতে ১৮ দিন ব্যাপী নিয়োক্ত মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলার স্টল ফি বাংলাদেশী মুদ্রায় =২,২৫.০৫০/- (দুই লক্ষ পঁচিশ হাজার পঞ্চাশ) টাকা The Bengal Chamber Kolkata, India কর্তৃক নির্ধারন করা হয়েছে। মেলায় অংশগ্রহণের জন্য ইপিবি নিম্নরূপ হারে ভূর্তকী (Subsidy) প্রদান করবে।

| ক্রমিক নং | রপ্তানী আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকারা |
|-----------|------------------------------------|-----------|----------------------------------------|
| ০১। | রপ্তানীকারক সকল প্রতিষ্ঠানের জন্য | “ক” | ৪৫% |
| ০২। | প্রারম্ভিক (কোন রপ্তানি নাই) | “খ” | ৫০% |
| ০৩। | নারী উদ্যোক্তা | | ৬০% |

০২। উক্ত মেলায় অংশগ্রহণের জন্য আগ্রহী হলে রপ্তানী উন্নয়ন ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদনপত্র পুনরূপস্থাপন প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে প্রয়োজ্য হারে অংশগ্রহণ ফি রপ্তানী উন্নয়ন ব্যুরো এর অনুকূলে পে-অর্ডার আকারে আগামী ২৫ অক্টোবর ২০২২ তারিখে এর মধ্যে ইপিবি'র মেলা বিভাগে জমা দেয়ার জন্য অনুরোধ করা হয়েছে। আবেদনপত্র রপ্তানী উন্নয়ন ব্যুরোর ওয়েবসাইট থেকে www.epb.gov.bd ডাউনলোড করা যাবে।

০৩। ভিসা ইস্যু সম্পূর্ণই দুতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারনে কোন প্রতিনিধির ভিসা প্রাপ্ত না হলে ইপিবি ও জেডিপিসি'র উপর দায়-দায়িত্ব বর্তাবে না। কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর মেলায় অংশগ্রহণ না করলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠানকে মনোনীত করা না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেওয়া হবে।